

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বরিশাল বিভাগীয় কার্যালয়
রাজা বাহাদুর সড়ক, বরিশাল।
www.dncrp.gov.bd

বিষয় : নিয়মিত অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম মনিটরিং বিষয়ক সভা (২য় ত্রৈমাসিক)

সভাপতি : জনাব খোন্দকার আনোয়ার হোসেন

উপপরিচালক (উপসচিব)

তারিখ : ০৮-১২-২০১৯খ্রি.

সময় : সকাল ১২.৩০টা

স্থান : উপপরিচালকের অফিস কক্ষ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, বরিশাল।

সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক এ সংযোজিত।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ২০১৯-২০২০ অর্থবছরে নিয়মিত অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম মনিটরিং বিষয়ক ২য় ত্রৈমাসিক সভায় নিম্নরূপ বিষয়াবলী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	<p>সভায় সহকারী পরিচালক, বরিশাল বিভাগীয় কার্যালয়, জানান বিগত সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে বরিশাল বিভাগীয় কার্যালয়ে ০৪ (চার) টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে এর মধ্যে ০৩ (তিন) টি অভিযোগ বাদি প্রত্যাহার করে নিয়েছেন এবং ০১ (এক) টি অভিযোগ প্রমানিত হওয়ায় অভিযুক্ত প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ২৫% হিসেবে অভিযোগকারীকে ৫০০/- টাকা প্রদান করা হয়েছে।</p> <p>সভায় সহকারী পরিচালক, বরিশাল জেলা কার্যালয়, জানান বিগত ০৩ (তিন) মাসে বরিশাল ও পিরোজপুর জেলায় মোট ১৪ টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে এর মধ্যে ০৭ (সাত) টি অভিযোগ বাদি প্রত্যাহার করে নিয়েছেন ০৭ (সাত) টি অভিযোগ প্রমানিত হওয়ায় অভিযুক্ত প্রতিষ্ঠানকে ৫৬,৫০০/- (ছাথান্ন হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে এবং আদায়কৃত জরিমানার ২৫% হিসেবে ১৪,১২৫/- টাকা অভিযোগকারীগণকে প্রদান করা হয়েছে।</p> <p>সহকারী পরিচালক, পটুয়াখালি জেলা কার্যালয়, জানান বিগত সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে পটুয়াখালি ও বরগুনা (অ:দা:) জেলায় মোট ০৮ (আট) টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে এর মধ্যে ০৩ (তিন) টি অভিযোগ বাদি প্রত্যাহার করে নিয়েছেন ০১ (এক) টি অভিযোগ আপোষ মিম্মাংসায় নিষ্পত্তি হয়েছে এবং ০৪ (চার) টি অভিযোগ প্রমানিত হওয়ায় অভিযুক্ত প্রতিষ্ঠানকে ৫২,০০০/- (বায়ান্ন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে এবং আদায়কৃত জরিমানার ২৫% হিসেবে ১৩,০০০/- টাকা অভিযোগকারীগণকে প্রদান করা হয়েছে।</p> <p>সহকারী পরিচালক, ঝালকাঠি জেলা কার্যালয়, জানান বিগত ০৩ (তিন) মাসে ঝালকাঠি জেলায় কোন লিখিত অভিযোগ পাওয়া যায় নি।</p> <p>সহকারী পরিচালক, ভোলা জেলা কার্যালয়, জানান বিগত সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে ভোলা জেলায় ০২ (দুই) টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে অভিযুক্ত প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে এবং আদায়কৃত জরিমানার ২৫% হিসেবে ১,৫০০/- টাকা অভিযোগকারীগণকে প্রদান করা হয়েছে।</p>	<p>১। অফিসে আগত সকল ভোক্তার কথা ভালভাবে শুনতে হবে ও পরামর্শ প্রদান করতে হবে এবং অভিযোগ গ্রহণ করার মত হলে গ্রহণ করতে হবে।</p> <p>২। অভিযোগ গ্রহণ সহজীকরণ এবং অভিযোগ দায়েরের ক্ষেত্রে অভিযোগকারীকে সহায়তা করতে হবে।</p> <p>৩। ভোক্তার নিকট থেকে প্রাপ্ত অভিযোগ আমলে নিয়ে যথাসম্ভব স্বল্প সময়ের মধ্যে বিধিসম্মতভাবে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।</p> <p>৪। লিখিত অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে অভিযোগকারীকে অবশ্যই শুনানির তারিখ সম্পর্কে অবহিত করতে হবে এবং যেসব ক্ষেত্রে অভিযোগকারীর উপস্থিত থাকা প্রয়োজন সে ক্ষেত্রে অভিযোগকারীকে বাধ্যতামূলকভাবে উপস্থিত থাকার ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>৫। লিখিত অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে কোন ধরনের পক্ষপাতিত্ব করা বা কারো দ্বারা প্রভাবিত হওয়া যাবে না। আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	সহকারী পরিচালক (সকল)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(খোন্দকার আনোয়ার হোসেন)
উপপরিচালক (উপসচিব)

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বরিশাল বিভাগীয় কার্যালয়
ফোন: ০৪৩১-৬২০৪২

dd-barisal@dncrp.gov.bd




স্মারক নম্বর-২৬.০৪.০০০০.৮০১.৬৬.০০২.১৯-২১৮

তারিখ : ১০-১২-২০১৯খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক (অতি. সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয় (সকল), বরিশাল বিভাগ।
- ৩। অফিস কপি।


উপপরিচালক

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বরিশাল বিভাগীয় কার্যালয়
ফোন: ০৪৩১-৬২০৪২

dd-barisal@dncrp.gov.bd

